

# জে এস সি পরীক্ষা - ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

বিষয় কোড : 

1	5	0
---	---	---

সৃজনশীল প্রশ্ন

সময়- ২ ঘণ্টা ৩০ মিনিট

মান- ৭০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। নিচে উল্লিখিত উদ্দীপকগুলো মনোযোগসহ পড়ে সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দাও। যেকোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১.► শেরপুর এলাকায় বণিক শ্রেণির কিছু লোক বাহির থেকে ব্যবসার উদ্দেশ্যে এসে স্থানীয় ক্ষমতা দখল করে। স্থানীয় লোকজনকে বিভিন্নভাবে শাসন-শোষণ করে এবং নিজেদের এলাকায় পাচার করে। স্থানীয় জনগণ সচেতন হওয়ায় এক সময় তাদেরকে নিজ এলাকায় চলে যেতে হয়।

- ক. ভারতের প্রথম ভাইসরয় নিযুক্ত হন কে? ১
- খ. পুঁজিপাচার বলতে কী বোঝায়? ২
- গ. উদ্দীপকে উল্লিখিত ঘটনাবলি বাংলার ইতিহাসের কোন ঘটনাকে স্মরণ করিয়ে দেয়? ব্যাখ্যা করো। ৩
- ঘ. 'উক্ত বণিক শ্রেণির ক্ষমতা দখলের পিছনে রয়েছে এলাকার শাসকদের অভ্যন্তরীণ কোন্দল ও চক্রান্ত' বিশ্লেষণ করো। ৪

২.► জবা টেলিভিশনে একটি নাটক দেখছিল। নাটকের এক পর্যায়ে জবা দেখল কিছু সংখ্যক প্রভাবশালী ব্যক্তি ও সেনাপতির কারণে রাজার পরাজয় ঘটে।

- ক. ছিয়াত্তরের মন্বন্তর কী? ১
- খ. দ্বৈতশাসন বলতে কী বোঝায়? ২
- গ. জবার দেখা নাটকের সাথে কোন ঐতিহাসিক ঘটনার মিল আছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. উক্ত ঘটনাটির ফলাফল তোমার পাঠ্যবইয়ের আলোকে বিশ্লেষণ করো। ৪

৩.► স্বাধীনতা দিবসের কুচকাওয়াজ দেখার জন্য জামান সাহেব তার নাতিকে নিয়ে স্টেডিয়ামে যান। তখন মাইকে বজ্রকণ্ঠে একটি ভাষণ চলছিল। যার



কথাগুলো ছিল, --- প্রত্যেক ঘরে ঘরে দুর্গ গড়ে তোল। তোমাদের যা কিছু আছে তাই নিয়ে শত্রুর মোকাবিলা করতে হবে ...।

- ক. কাদের নিয়ে অনিয়মিত বাহিনী গঠিত হয়? ১
- খ. অপারেশন সার্চলাইট বলতে কী বোঝায়? ২
- গ. উদ্দীপকে উল্লিখিত ভাষণটির ঐতিহাসিক প্রেক্ষাপট ব্যাখ্যা করো। ৩
- ঘ. 'উক্ত ভাষণটি এদেশের মানুষকে স্বাধীনতার মন্ত্রে উজ্জীবিত করেছিল'-  
বিশ্লেষণ করো। ৪

৪. ►

রাষ্ট্রপতি → বজ্রাবন্ধু শেখ মুজিবুর রহমান



উপরাষ্ট্রপতি → সৈয়দ নজরুল ইসলাম



প্রধানমন্ত্রী → তাজউদ্দিন আহমদ

- ক. ক্র্যাক প্লাটুন কী? ১
- খ. মুক্তিযুদ্ধে 'অপারেশন জ্যাকপট'-এর ভূমিকা লেখ। ২
- গ. উদ্দীপকে কোন সরকারের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩
- ঘ. আমাদের মুক্তিযুদ্ধ পরিচালনায় উদ্দীপকের সরকারের ভূমিকা বিশ্লেষণ  
করো। ৪

৫. ► শামীমা ও তামীম দুই ভাইবোন। শামীমা উচ্চ শিক্ষার জন্য বিদেশ  
গেলেও তার নিজস্ব আচার-আচরণ, খাদ্য, পোশাক, বিশ্বাস, লোককলা ইত্যাদি  
পরিত্যাগ করেনি। অন্যদিকে তার ছোট ভাই তামীম পড়াশোনা শেষ করে অর্থ  
উপার্জনের মাধ্যমে পরিবারে অবদান রাখছে।

- ক. বাঙালির প্রথম সাহিত্যকর্মের নাম কী? ১
- খ. টেরাকোটা বলতে কী বোঝায়? ২
- গ. উদ্দীপকে শামীমার মাঝে কোন বিষয়টির উপস্থিতি প্রবলভাবে লক্ষণীয়?  
ব্যাখ্যা করো। ৩



ঘ. অর্থনীতিতে তামিমের অংশগ্রহণ সমাজে কীরূপ পরিবর্তন আনবে বলে তুমি মনে কর? তোমার মতামত বিশ্লেষণ করো। ৪

৬. ▶

শিল্পের নাম	উপাদান
ক	কান্তজির মন্দির, সোমপুর বিহার
খ	মুশির্দি, বারমাস্যা, ভাওয়াইয়া, গম্ভীরা

- ক. আঞ্চলিক ভাষার অভিধান সংকলন করেছেন কে? ১
- খ. পুঁথি সাহিত্য বলতে কী বোঝায়? ২
- গ. উদ্দীপকে বর্ণিত 'ক' শিল্পটির ধরন ব্যাখ্যা করো। ৩
- ঘ. বাঙালির সংস্কৃতি বিকাশে 'খ' শিল্পটির গুরুত্ব অপরিসীম- বিশ্লেষণ করো। ৪

৭. ▶ শিক্ষা সফরে ক স্কুলের শিক্ষার্থীরা সোনারগাঁও-এ যায়। সেখানে তারা অনেক স্থাপত্য নিদর্শন দেখতে পায়। এগুলোর জীর্ণ দশা দেখে তারা অনুভব করে ইতিহাস ঐতিহ্য রক্ষার জন্য স্থাপত্য নিদর্শনগুলোর সংস্কার প্রয়োজন।

- ক. বাহাদুর শাহ পার্ক কে তৈরি করেন? ১
- খ. প্রত্নসম্পদ বলতে কী বোঝায়? ২
- গ. 'ক' স্কুলের শিক্ষার্থীদের ভ্রমণকৃত এলাকার স্থাপত্যরীতি ব্যাখ্যা করো। ৩
- ঘ. 'উক্ত স্থাপত্য নিদর্শনগুলো সংরক্ষণ ও সংস্কার করা উচিত'- বিশ্লেষণ করো। ৪

৮. ★ কৌশিক অষ্টম শ্রেণির ছাত্র। তার বাবা-মা প্রায়ই তার সামনে ঝগড়া বিবাদে লিপ্ত হয়। কৌশিক বাবা-মায়ের সজ্ঞা না পেয়ে প্রতিবেশী দুষ্কৃত প্রকৃতির বন্ধুদের সাথে মেলামেলা করে। ফলে তার মাঝে অনেক নেতিবাচক আচরণ লক্ষ করা যায়।

- ক. গণমাধ্যম কী? ১
- খ. সামাজিকীকরণ একটি চলমান প্রক্রিয়া- ব্যাখ্যা করো। ২
- গ. কৌশিকের সামাজিকীকরণের ক্ষেত্রে তার বন্ধুদের প্রভাব ব্যাখ্যা করো। ৩
- ঘ. 'কৌশিকের বাবা-মায়ের আচরণের পরিবর্তনই পারে তার সুস্থ সামাজিকীকরণের বিকাশ ঘটাতে'- তোমার মতামত দাও। ৪



৯. ★ কৃষক জমির মিয়া জমি চাষ করেন এবং মৎস্য চাষ করেন। তার ছেলে হাসান কারিগরি প্রশিক্ষণ নিয়ে মধ্যপ্রাচ্যে যায়। তার প্রেরিত অর্থে নিজ গ্রামে কুটির শিল্প ও কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা হয়। এখানে প্রশিক্ষণ নিয়ে এলাকার অদক্ষ মানুষ মানবসম্পদে পরিণত হয়।

- ক. GNP কাকে বলে? ১  
খ. রেমিটেন্স বলতে কী বোঝায়? ২  
গ. উদ্দীপকে বর্ণিত কৃষকের কর্মকাণ্ড বাংলাদেশের অর্থনীতির যে খাতকে নির্দেশ করে তার ব্যাখ্যা দাও। ৩  
ঘ. মানবসম্পদ উন্নয়নে হাসানের গৃহীত পদক্ষেপ তুমি কি যথেষ্ট বলে মনে কর? উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

১০. ► জনাব শফিক স্থানীয় সরকার কাঠামোর একজন জনপ্রতিনিধি। তিনি গ্রামে বাস করেন। তিনি ক্ষতিগ্রস্তদের সাহায্য ও পুনর্বাসনের ব্যবস্থা, চিকিৎসা সাহায্য ও এলাকার শান্তি-শৃঙ্খলা রক্ষা করেন।

- ক. বাংলাদেশের সংবিধান কখন প্রণীত হয়? ১  
খ. জাতীয়তাবাদ বলতে কী বোঝায়? ২  
গ. জনাব শফিক যে সরকার কাঠামোর প্রতিনিধি তার গঠন বর্ণনা করো। ৩  
ঘ. উদ্দীপকে উল্লিখিত সরকার কাঠামোর কাজের ভূমিকা মূল্যায়ন করো। ৪

১১. ★ বিদ্যালয়ে ক্লাস চলছে। এমন সময় হঠাৎ বেঞ্জ, চেয়ার, টেবিল কেঁপে উঠল। স্যার সবাইকে বাইরে যেতে বললেন। তখন আমরা সবাই দৌড়ে বাইরে গেলাম।

- ক. পৃথিবীর ফুসফুস কাকে বলে? ১  
খ. বৈশ্বিক উষ্ণায়ন বলতে কী বোঝায়? ২  
গ. উদ্দীপকে কোন ধরনের দুর্যোগের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩  
ঘ. উক্ত দুর্যোগকালীন সময় কী ধরনের পদক্ষেপ গ্রহণ করা দরকার? তোমার মতামত দাও। ৪



সময়-৩০ মিনিট

বহুনির্বাচনি অভীক্ষা

মান-৩০

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও।  
প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।

১. কে বারো ভূঁইয়াদের মধ্যে সবচেয়ে শক্তিশালী ছিলেন?

- (ক) মুসা খান (খ) প্রতাপাদিত্য  
(গ) শায়েস্তা খান (ঘ) ঈশা খাঁ

২. চিরস্থায়ী বন্দোবস্ত প্রবর্তিত হয়—

- (ক) ১৭৮৯ সালে (খ) ১৭৯০ সালে  
(গ) ১৭৯৩ সালে (ঘ) ১৭৯১ সালে

৩. বার্নিয়ের কোন দেশের পর্যটক ছিলেন?

- (ক) পর্তুগিজ (খ) ফরাসি  
(গ) ইতালিয় (ঘ) জাপানি

৪. ★ ইখতিয়ার উদ্দিন কাদের পরাজিত করে বাংলা দখল করেন?

- (ক) সেনদের (খ) মুঘলদের  
(গ) আর্যদের (ঘ) পালদের

৫. বাংলাদেশের মুক্তিযুদ্ধে বিদেশি নাগরিকদের একটি সম্মিলিত প্রচেষ্টা ছিল। তাদের মাঝে স্মরণীয় হয়ে আছেন—

- i. উইনস্টন চার্চিল  
ii. জর্জ হ্যারিসন  
iii. মার্ক টালি  
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii  
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬. ★ কত তারিখে বাংলাদেশ ও ভারত সরকার যৌথ কমান্ড গঠন করে?

- (ক) ২১ নভেম্বর (খ) ২৩ নভেম্বর  
(গ) ২৫ নভেম্বর (ঘ) ২৭ নভেম্বর

৭. সরাসরি মুক্তিযুদ্ধের সহায়ক শক্তি কোনটি?

- (ক) ভারত ও চীন  
(খ) ভারত ও সোভিয়েত ইউনিয়ন  
(গ) ভারত ও ভুটান  
(ঘ) যুক্তরাষ্ট্র ও ভারত

৮. মুক্তিযুদ্ধের প্রথমদিকে মুজিবনগর সরকার কয়টি মিশন স্থাপন করে?

- (ক) ২টি (খ) ৩টি

গ ৪টি

ঘ ৫টি

৯. 'ক্র্যাক প্লাটুন' হলো—

- (ক) নৌ সেনা (খ) নৌ কমান্ডো  
(গ) গেরিলা দল (ঘ) বিশেষ বাহিনী

১০. ★ বাংলা একাডেমী প্রতিষ্ঠার কারণ—

- i. ১৯৫২ সালের ভাষা আন্দোলনের প্রেক্ষাপট  
ii. ১৯৫৪ সালের যুক্তফ্রন্টের নির্বাচনি অঙ্গীকার  
iii. ১৯৬২ সালের শিক্ষা আন্দোলন  
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii  
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১১. বাংলাদেশের জাতীয় সংগীতের সুর কোন গানের সুর থেকে নেওয়া?

- (ক) মুর্শিদি (খ) পালাগান  
(গ) বাউল গান (ঘ) ভাওয়াইয়া গান

১২. ★ সংস্কৃতির পরিবর্তন বলতে কোনটিকে বোঝায়?

- (ক) ইতিবাচক পরিবর্তন  
(খ) নেতিবাচক পরিবর্তন  
(গ) সূক্ষ্ম পরিবর্তন  
(ঘ) স্থূল পরিবর্তন

১৩. বাংলায় কীর্তন গান রচিত হতো কীসের কাহিনী অবলম্বনে?

- (ক) টোনাটুনির (খ) রাধা ও শ্রীকৃষ্ণের  
(গ) আলাল-দুলাল (ঘ) ইউসুফ-জোলেখা

১৪. চর্যাপদের কাল নির্ণয় করেন কে?

- (ক) ড. মুহম্মদ শহীদুল্লাহ  
(খ) লুইপা  
(গ) পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী  
(ঘ) কারুপা

১৫. বাংলাদেশের মানুষের মধ্যে কোন সংস্কৃতির প্রভাব সবচেয়ে বেশি?

- (ক) প্রাচ্য সংস্কৃতি  
(খ) পাশ্চাত্য সংস্কৃতি  
(গ) ভারতীয় সংস্কৃতি  
(ঘ) আরবীয় সংস্কৃতি



১৬. আহসান মঞ্জিল কোন নদীর তীরে অবস্থিত?

- (ক) বুড়িগঙ্গা (খ) শীতলক্ষ্যা  
(গ) ভৈরব (ঘ) কালিগঙ্গা

১৭. বাহাদুর শাহ পার্কের পূর্ব নাম কী?

- (ক) গোপাল শাহ পার্ক (খ) ভিক্টোরিয়া পার্ক  
(গ) ব্রিটিশ পার্ক (ঘ) এলিজাবেথ পার্ক

১৮. ★ বর্তমানে পুরোনো ঢাকার অন্যতম মসজিদ হলো—

- i. কলুটোলা জামে মসজিদ  
ii. বেচারাম দেউড়ি মসজিদ  
iii. কায়েতুলি মসজিদ  
নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii  
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৯. ★ শশীলজ কোথায় অবস্থিত?

- (ক) মানিকগঞ্জ (খ) নাটোর  
(গ) ময়মনসিংহ (ঘ) রংপুরে

২০. সারা বিশ্ব এখন বিশ্ব পল্লিতে রূপান্তরিত হয়েছে—

- (ক) উন্নয়নের ফলে  
(খ) বিপ্লবের ফলে  
(গ) বিশ্বায়নের ফলে  
(ঘ) উপনিবেশের ফলে

২১. সামাজিকীকরণ বলতে কোন বিষয়টিকে আয়ত্ত করা বোঝায়?

- (ক) সমাজের নিয়ম কানুন  
(খ) রাষ্ট্রের নিয়ম-কানুন  
(গ) কুসংস্কার  
(ঘ) রাষ্ট্রীয় বিশ্বাস

২২. যারা শ্রম বা মেধা দিয়ে দেশের যেকোনো খাতে অবদান রাখে তাদের কী বলে?

- (ক) শ্রমজীবী (খ) মানবসম্পদ  
(গ) পেশাজীবী (ঘ) স্বাবলম্বী

২৩. আমাদের দেশের অর্থ বছর কোনটি?

- (ক) সেপ্টেম্বর-আগস্ট (খ) জুলাই-জুন

(গ) জানুয়ারি-ডিসেম্বর (ঘ) মার্চ-ফেব্রুয়ারি

২৪. দক্ষতার জন্য প্রয়োজন—

- i. সুস্বাস্থ্য  
ii. শিক্ষা  
iii. প্রশিক্ষণ

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii  
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫. ১৯৭২ সালের সংবিধান অনুযায়ী রাষ্ট্রীয় মূলনীতি কয়টি?

- (ক) ২টি (খ) ৩টি  
(গ) ৪টি (ঘ) ৫টি

২৬. গণতান্ত্রিক রাষ্ট্রের বৈশিষ্ট্য কোনটি?

- (ক) জনগণের শাসন  
(খ) শিক্ষিতজনের শাসন  
(গ) বুদ্ধিজীবীদের শাসন  
(ঘ) ব্যবসায়ীদের শাসন

২৭. বাংলাদেশে মোট বনভূমির পরিমাণ—

- (ক) ২৪৯৩৮ বর্গকিলোমিটার  
(খ) ২৫৯০০ বর্গকিলোমিটার  
(গ) ২৬৯০০ বর্গকিলোমিটার  
(ঘ) ২৭৯০০ বর্গকিলোমিটার

২৮. গত এক শতাব্দীতে বায়ুমণ্ডলে মিথেনের পরিমাণ বেড়েছে শতকরা কত ভাগ?

- (ক) ৮০ (খ) ৯০  
(গ) ৯৫ (ঘ) ১০০

২৯. সুনামি শব্দের অর্থ কী?

- (ক) প্রবল ঢেউ (খ) সমুদ্র তীরের ঢেউ  
(গ) প্রবল জলোচ্ছ্বাস (ঘ) উচ্চ সামুদ্রিক ঢেউ

৩০. বৈশ্বিক উষ্ণায়নের ফলে ক্রমাগত উদ্ভূত হচ্ছে—

- i. বায়ুমণ্ডল  
ii. পৃথিবী  
iii. সমুদ্রপৃষ্ঠ

নিচের কোনটি সঠিক?

- (ক) i ও ii (খ) i ও iii  
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১	ঘ	২	গ	৩	খ	৪	ক	৫	গ	৬	ক	৭	খ	৮	ক	৯	গ	১০	ক	১১	গ	১২	ক	১৩	খ	১৪	ক	১৫	খ
১৬	ক	১৭	খ	১৮	ঘ	১৯	গ	২০	গ	২১	ক	২২	খ	২৩	খ	২৪	ঘ	২৫	গ	২৬	ক	২৭	ক	২৮	ঘ	২৯	খ	৩০	ক